



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



জরুরি বিজ্ঞপ্তি

নং- ঢাশিৰো/বি/৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/২১৯

তারিখ : ০৭/০৩/২০২১

বিষয় : ২০২১ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF প্রণের মাধ্যম) রেজিস্ট্রেশন করা প্রসঙ্গে।

অত্র বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে উপর্যুক্ত বিষয়ের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। জেএসসি পরীক্ষা পরিচালনা নীতিমালার ১(খ) ধারা অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারী পরীক্ষার্থীর নূন্যতম বয়স ১১+ এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ১৭ বছর;
- ২। ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারি এডুকেশন অর্ডিনেশন ১৯৬১ (১৯৬১ সনের ৩৩নং আইন)-এর ৩৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৮/১৯৯৭ তারিখের শিম/শাঃ১/বিবিধ-৩৯/৯৬/২৩০/(৬০০) নং স্মারকে জারিকৃত বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদরাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক পাঠদানের অনুমতি ও স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীরা কেবলমাত্র নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনের সুযোগ পাবে।
- ৩। বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পার্শ্ববর্তী বা নিকটতম অনুমোদিত নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/স্কুল এন্ড কলেজের মাধ্যমে রেজিস্ট্রেশন করা যাবে। কোন অবস্থাতেই পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানগুলো নিজ বিদ্যালয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না;
- ৪। ঢাকা বোর্ডের ওয়েবসাইটে OEMS/eSIF বাটনে ক্লিক করে EIIN ও Password দিয়ে লগইন (Login) করলে Dashboard থেকে eSIF JSC-তে ক্লিক করলে Payable Fees of JSC 2021 Registration-এ Applicant name, Mobile no. এবং Number of Student দিয়ে Print Sonali Seba-এ ক্লিক করে সোনালী সেবার স্লিপটি প্রিন্ট করতে হবে (বিঃ দ্রঃ- ফরমটি কোনভাবেই ফটোকপি করে ব্যাংকে জমা দেয়া যাবে না)।
ব্যাংকে ২৪ ঘন্টার মধ্যে পেমেন্ট ক্লিয়ার করলে নির্ধারণকৃত শিক্ষার্থীদের eSIF পূরণ করা যাবে। পেমেন্ট ক্লিয়ারের পরে নির্ধারিত সময়ের মধ্যে পুনরায় সোনালী সেবার স্লিপ বের করা যাবে।
- ৫। ফি জমাদান ও eSIF পূরণের তারিখ : ১৫/০৩/২০২১ থেকে ১৫/০৮/২০২১ তারিখ পর্যন্ত।

জনপ্রতি রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি নিম্নরূপ :

রেজিস্ট্রেশন ফি (টাকায়)	রেডক্রিসেন্ট ফি (টাকায়)	মোট জরিমানা ছাড়া (টাকায়)
৫০/-	১০/-	৬০/-

- ৬। শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন সম্পর্কের পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে;



- ৭। নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (সে সকল প্রতিষ্ঠান ইতিপূর্বে নিজ নামে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি) ব্যানবেইস হতে EIIN সনদ সংগ্রহ করার পর সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা জমা দিয়ে বিদ্যালয় শাখার মাধ্যমে Login Password সংগ্রহ করবে।
- ৮। (ক) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী হলে তাদের মূলসনদ অনুযায়ী অথবা প্রাথমিক সমাপনি পরীক্ষা পাশের সনদ অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে;
- (খ) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী না হলে জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে;
- (গ) শিক্ষার্থীর নামের পূর্বে Mr., Mrs., Miss, Sree, Sreemoti ইত্যাদি ধরনের শব্দ ব্যবহার করা যাবে না;
- (ঘ) সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি হালসন নাগাদ থাকতে হবে;
- ৯। বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের সকল তথ্য নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি করতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা এ কারণে শিক্ষার্থীর কোনো সমস্যা হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ


প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভুঞ্জ়া
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

মেমো নং- ২১৯(৭)

তারিখ : ০৭/০৩/২০২১

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৪। উপ-পরিচালক (হিং ও নিং), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। পিএস-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৭। অফিস কপি।



বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা



০৭/০৩/২০২১